

কবিতার পাঠক

কেউ আর পড়তে চায় না
বরং টিভিতে চোখ রেখে
উবে যায় অনন্ত সময়।

আর কবিতা মানে তো বৃথা সময়--
উদ্বৃত্ত জঞ্জাল কিছু।
কখনো ঠোঙা
অথবা পাড়ি অন্তর্জলী যাত্রায়।
কবিতা না পড়েও কেমন
নিশ্চিন্ত বেঁচে থাকা যায়।

তবুও টকঝাল অম্বলের মতো
কবিতা লেগে থাকে
মাসিকে ত্রৈমাসিকে।

কেননা কবি জানে
পৃথিবীতে বরাদ্দ সময়
কবি তাই রেখে যায় অনন্ত মেধায়
বাগ্‌ভঙ্গী কিছু, কিছু ইতিহাস
আর জীবন সংবাদ।

অমল কর

